গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ২০২ তারিখঃ ১৭/১০/২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প (আগষ্ট,২০২৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৯/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভূক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (আগষ্ট, ২০২৫ পর্যন্ত) পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২১/১০/২০২৫ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০২ (দুই) পৃষ্ঠা।

১৭/১০/২০২৫

মোহাম্মদ এমদাদুল হক
উপপরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail:repon303@yahoo.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্যগুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক ,কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প।
৫। প্রকল্প পরিচালক ,আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর ,ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)” শীর্ষক প্রকল্প, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
নীতি ও পরিকল্পনা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

## কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের আগস্ট, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাসির-উদ-দৌলা, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ২৯ সেপ্টেম্বর, ২০২৫; বিকাল ২:৩০ টা। |
| সভার স্থান | : | কৃষি বিপণন অধিদপ্তরের সভা কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | **পরিশিষ্ট-ক।** |

সভাপতি উপস্থিত এবং অনলাইনে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) বিগত ২৭/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন পূর্বক জানান যে, কার্যবিবরণীটি গত ১৪ আগষ্ট ২০২৫ তারিখে সকল প্রকল্প পরিচালগণ বরাবর প্রেরণ করা হয়। উক্ত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী ও সংযোজনী প্রস্তাব পাওয়া না যাওয়ায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপন করা হয় এবং সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

২। **এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি:** কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মোট 'বরাদ্দ ও ব্যয়' এবং ২০২৫-২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের হিসাব আগস্ট ২০২৫ পর্যন্ত অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো:

**ছক-২.১: প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্রম | প্রকল্পের নাম ও মেয়াদ | মোট বরাদ্দ (কোটি টাকা) | ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দ (কোটি টাকা) | অগ্রগতি (কোটি টাকা) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চলতি অর্থবছরের ব্যয় (আগস্ট ২০২৫ পর্যন্ত) | | প্রকল্প শুরু থেকে ক্রমপুঞ্জিত ব্যয় | | |
| | | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | |
| ১. | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) (জুলাই,২০১৮-জুন, ২০২৬) | ২৭৫.৯৫ | ৫৪.৪৪ | ১.৬০ (২.৭৬%) | ৫% | ২০৩.৬৬ (৭৩.৮০%) | ৮২% | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে বেশি। |
| ২. | পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প (জুলাই ২০২৩ - জুন ২০২৮) | ৭৬০.০০ | ৮৭.৯০ | ০.১৬ (০.১৮%) | ১০% | ৫১.২৭ (৬.৭৫%) | ১২% | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৩. | এসডিএএমপি (১ম সংশোধিত) জুলাই ২০১৯- জুন ২০২৬ | ১৮৩.৯৯ | ৭০.৪০ | ০.০০ (০.০০ %) | ০% | ১০২.৬৮ (৫৫.৮১%) | ৭২% | অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে |
| ৪. | পেঁয়াজ ও রসুন প্রকল্প জুলাই ২০২১- জুন ২০২৬) | ৭৩.২১ | ২৭.৫৮ | ০.৪১ (১.৪৭%) | ২% | ৪৫.০০ (৬১.৪৭%) | ৭০% | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৫. | আলুর বহুমুখী প্রকল্প (১ম সংশোধিত) (জানুয়ারি ২০২২ -জুন ২০২৬) | ৪৯.১৪৫২ | ৬.৯৩ | ০.১৫ (২.১৬%) | ৫% | ৪০.৭৪ (৮২.৯০%) | ৯৩% | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৬. | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প (অক্টোবর ২০২৩- জুন ২০২৬) | ৪৯.০০ | ২৪.৭৬ | ০.৪২ (১.৭১%) | ০% | ১৯.১৫ (৩৯.০৮%) | ৫১% | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |

**ছক-২.২: আগষ্ট, ২০২৫ পর্যন্ত প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি**

| ক্রম | প্রকল্পের নাম | **বরাদ্দ: ২০২৫-২৬** (কোটি টাকা) | | | **অবমুক্ত** (কোটি টাকা) **ও (বরাদ্দের %)** | | | **ব্যয়** (কোটি টাকা) **ও (বরাদ্দের %)** | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১. | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৫৪.৪৪ | ১৫.০০ | ৩৯.৪৪ | ৭.১৭ (১৩.১৭%) | ৩.৭৫ (২৫.০০%) | ৩.৪২ (৮.৬৭%) | ১.৫০ (২.৭৬%) | ০.৭৫ (৫.০০%) | ০.৭৫ (১.৯০) | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে বেশি। |
| ২. | পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প | ৮৭.৯০ | ৩৪.৯৮ | ৫২.৯২ | ৮.৭৫ (৯.৯৫%) | ৮.৭৫ (২৫%%) | ০ | ০.১৬ (০.১৮%) | ০.১৬ (০.৪৬%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৩. | এসডিএএমপি (১ম সংশোধিত) | ৭০.৪০ | ৭০.৪০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে |
| ৪. | পেঁয়াজ ও রসুন প্রকল্প (১ম সংশোধিত) | ২৭.৫৮ | ২৭.৫৮ | ০ | ৬.৯০ (২৫%) | ৬.৯০ (২৫%) | ০ | ০.৪১ (১.৪৭%) | ০.৪১ (১.৪৭%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৫. | আলুর বহুমুখী প্রকল্প (১ম সংশোধিত) | ৬.৯৩ | ৬.৯৩ | ০ | ১.৭৩ (২৫.০১%) | ১.৭৩ (২৫.০১%) | ০ | ০.১৫ (২.১৬%) | ০.১৫ (২.১৬%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৬. | শস্যগুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ২৪.৭৬ | ২৪.৭৬ | ০ | ৬.১৯ (২৫%) | ৬.১৯ (২৫%) | ০ | ০.৪২ (১.৭০%) | ০.৪২ (১.৭০%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। |
| **সর্বমোট** | | **২৭২.০১** | **১৭৯.৬৫** | **৯২.৩৬** | **৩০.৭৩ (১১.৩০%)** | **২৭.৩১ (১৫.২০%)** | **৩.৪২ (৩.৭০%)** | **২.৬৪ (০.৯৭%)** | **১.৮৯ (১.০৫%)** | **০.৭৫ (০.৮১%)** | |

১.

উপরোক্ত ছক ২.১ ও ২.২ এর তথ্য পর্যালোচনায় দেখা যায়, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, পার্টনার-ডিএএম অংগ এবং শস্যগুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্পের অগ্রগতি কৃষি মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম। এ বিষয়ে সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন এবং যথাসময়ে ও যথানিয়মে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে অধিকতর সচেষ্ট থাকার বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

**ছক-৩: প্রতিবেদনাধীন (আগষ্ট, ২০২৫) মাস পর্যন্ত প্রকল্পসমূহের দরপত্রের অগ্রগতি:**

| ক্রম | প্রকল্পের নাম | দরপত্র/প্যাকেজ সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্র/ প্যাকেজের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান (%) | কার্যাদেশ (%) | কোটেশন আহ্বানের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান (%) | কার্যাদেশ (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | |
| ১ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১০ | ০ | ০ | ৮ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ২ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ১৯ | ১১ | ০ | ৬ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৩ | এসডিএএমপি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৪ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৭ | ০ | ০ | ৪ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৫ | আলুর প্রকল্প | ৬ | ১ | ০ | ৪ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৬ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ২২ | ০ | ০ | ০ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| | **সর্বমোট** | **৬৪** | **১২** | **০** | **২২** | **০** | **০** | সন্তোষজনক নয় |

৩। **সভার সিদ্ধান্তসমূহঃ** সভায় কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১। | অনুচ্ছেদ-২ এর ছক ২.১, ২.২ ও ২.৩ মোতাবেক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সকল পিডি |
| ৩.২। | প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও গ্রান্ট চার্ট অনুযায়ী যথাসময়ে সকল কার্য সম্পন্ন করতে হবে এবং সময়মত সকল প্রকল্পের দরপত্র আহ্বান সম্পন্ন করতে হবে। পণ্য, কার্য ও সেবা সংক্রান্ত কাজের Tender Data Sheet (TDS) এর সেকশন-২ ও ৪ আবশ্যিকভাবে HOPE কর্তৃক অনুমোদন নিতে হবে। | সকল পিডি |
| ৩.৩। | ক্রয় প্রক্রিয়ায় সরকারি বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক শতভাগ স্বচ্ছতা বজায় রাখতে হবে। এক্ষেত্রে কোন অনিয়ম, স্বজনপ্রীতি ও দুর্নীতি পাওয়া গেলে প্রকল্প সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল পিডি |
| ৩.৪। | প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল জেলা পর্যায়ে গ্রহণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এছাড়া পার্টনার-(ডিএএম অংগ) এর অর্থায়নে শস্য গুদাম মেরামত কাজ মনিটরিংপূর্বক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট পিডি |
| ৩.৫। | প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির বিষয়ে কৃষি মন্ত্রণালয়ে গত ০২/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসরণ করতে হবে। | সকল পিডি |
| ৩.৬। | প্রকল্পসমূহের অডিট আপত্তিসমূহ (যদি থাকে) দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল পিডি |

৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসির-উদ-দৌলা
মহাপরিচালক